

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মুসক বিভাগ]

বিশেষ আদেশ

বিশেষ আদেশ নং-০৭/মুসক/২০১৭ তারিখঃ ১৭ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ/০১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ।

যেহেতু, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত এর তৃতীয় তফসিলের মাধ্যমে সম্পূরক শুল্ক আরোপযোগ্য পণ্যসমূহের তালিকা বিধৃত হইয়াছে, যাহা আমদানি ও স্থানীয় উৎপাদন নির্বিশেষে একই হারে প্রযোজ্য; এবং

যেহেতু, স্থানীয় শিল্পের সুরক্ষার স্বার্থে আমদানিয় ও স্থানীয়ভাবে উৎপাদিত সিগারেট এর মধ্যে প্রযোজ্য শুল্কহার এর ব্যবধান থাকা বাঞ্ছনীয়;

সেহেতু, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ১৪ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, নিম্নে বিধৃত টেবিল এর কলাম (১) ও (২) এ উল্লিখিত Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর শিরনামা সংখ্যা (Heading No.) 24.02 এবং উহার সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S.Code) 2402.20.00 এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত পণ্যকে, অতঃপর সিগারেট বলিয়া অভিহিত এর উৎপাদন পর্যায়ে উহাদের উপর আরোপণীয় সম্পূরক শুল্ক, যে পরিমাণ উহাদের বিপরীতে কলাম (৪) এ উল্লিখিত হারের অতিরিক্ত হয় সেই পরিমাণকে উহাদের উপর আরোপণীয় সমুদয় সম্পূরক শুল্ক হইতে অব্যাহতি প্রদান করিল:

টেবিল

শিরনামা সংখ্যা Heading No.)	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code)	পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods)	সম্পূরক শুল্ক হার (%)
(১)	(২)	(৩)	(৪)
২৪০২	২৪০২.২০.০০	তামাকযুক্ত সিগারেট (Cigarettes Containing Tobacco) প্রতি দশ শলাকা সিগারেটের বিক্রয় মূল্য (প্যাকেটের গায়ে খুচরা বিক্রয়মূল্য ও সিগারেটের সংখ্যা সুস্পষ্ট, লক্ষণীয় ও অনপনীয়ভাবে মুদ্রিত থাকিবার শর্তে):	
		(১) (ক) ২৭ টাকা [স্থানীয়ভাবে উৎপাদিত ঐ সকল ব্র্যান্ডের সিগারেট যাহা গত ৩১.০৫.২০১৭ খ্রি: তারিখে ২৩ টাকায় (১০ শলাকা) বিক্রয় হইত এবং যাহা বাংলাদেশের ভৌগলিক সীমারেখার বাহিরে অন্য কোনো দেশে উক্ত একই ব্র্যান্ড নামে উৎপাদিত ও বাজারজাত হয় না বা	৫২

		৩১.০৫.২০১৭ খ্রি: তারিখের পূর্বে উৎপাদিত ও বাজারজাত হইত না] (খ) ৩৫ টাকা [গত ৩১.০৫.২০১৭ খ্রি: তারিখে বা তাহার অব্যবহিত পূর্বে স্থানীয়ভাবে উৎপাদিত ২৩ টাকা মূল্যমানের (১০ শলাকা) এইরূপ ব্রান্ডের সিগারেট যাহা বাংলাদেশের ভৌগলিক সীমারেখার বাহিরে অন্য কোনো দেশে উক্ত একই ব্রান্ড নামে উৎপাদিত ও বাজারজাত হয় বা ৩১.০৫.২০১৭ খ্রি: তারিখের পূর্বে উৎপাদিত ও বাজারজাত হইত।]	৫৫
		(২) ৪৫ টাকা ও তদূর্ধ্ব	৬৩
		(৩) ৭০ টাকা ও তদূর্ধ্ব	৬৫

০২। এই আদেশ বিগত ০১ জুন, ২০১৭ খ্রিঃ তারিখ হইতে কার্যকর হইবে এবং সরকার কর্তৃক এ বিষয়ে পরবর্তী কোন প্রজ্ঞাপন জারি না করা পর্যন্ত এই বিশেষ আদেশটি বহাল থাকিবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোঃ নজিবুর রহমান)

চেয়ারম্যান